

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০২০.১৫.১৬৫.১৭- ৬৬২

তারিখ- ২৬ পৌষ ১৪২৭ বঃ  
২২ জানুয়ারি ২০২১ খ্রিঃ

বিষয় : দাখিলকৃত ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ ষাণ্মাসিক প্রতিবেদনের ফিডব্যাক প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতাধীন চট্টগ্রাম বিভাগীয় দপ্তর কর্তৃক দাখিলকৃত ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত ষাণ্মাসিক পরিবীক্ষণ প্রতিবেদন পর্যালোচনায় নিম্নোল্লিখিত বিষয় পরিলক্ষিত হয়:


অধিদপ্তরের ০৭ ডিসেম্বর ২০২০ তারিখের ৫৮.০৩.০০০০.০২০.১৫.১৬৫.১৭-১৫৪১১ সংখ্যক স্মারক মোতাবেক ০৩-০১-২০২১ তারিখের মধ্যে প্রেরণের অনুরোধের প্রেক্ষিতে ১১-০১-২১ তারিখে মেইলযোগে পাওয়া যায়।

২। উক্ত দপ্তরের ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় কার্যক্রমের সংখ্যা ৩৯টি যেগুলোর লক্ষ্যমাত্রা ও অর্জন পরিবীক্ষণ করা হয়েছে, এর মধ্যে মাঠপর্যায়ের জন্য প্রযোজ্য ২৬টি কার্যক্রম পরিবীক্ষণে প্রাপ্ত মূল্যায়ন নিম্নরূপ:

ক্রমিক	কার্যক্রমের নাম	লক্ষ্যমাত্রা	ষাণ্মাসিক অর্জন	মন্তব্য
১	[১.১] নৈতিকতা কমিটির সভা	৪টি	১টি	২য় কোয়ার্টার অর্জন হয়নি
২	[১.২] নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	৬০%	৬০%	২য় কোয়ার্টারে অর্থোক্তিক অর্জন
৩	[২.১] সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা	৪টি	২টি	কার্যক্রম চলমান থাকবে, প্রমাণক আবশ্যিক
৪	[২.২] অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	৫০%	৫০%	কার্যক্রম চলমান থাকবে
৫	[২.৩] কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	৮০ জন	৪০ জন	কার্যক্রম চলমান থাকবে, প্রমাণক আবশ্যিক
৬	[২.৪] কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	৮০ জন	৪০ জন	কার্যক্রম চলমান থাকবে, প্রমাণক আবশ্যিক
৭	[৩.১] ২০১৯-২০২০ অর্থবছরের কার্যক্রমের উপর ম্যানুয়াল তৈরীর উদ্দেশ্যে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ, বিন্যস্তকরণ ও অধিদপ্তরে প্রেরণ	৩০-১১-২০	৩০-১১-২০	সফলতার সাথে সম্পন্ন হয়েছে
৮	[৩.২] সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের নীতিমালা হালনাগাদকরণের উদ্দেশ্যে মতামত সংগ্রহ, বিন্যস্তকরণ ও অধিদপ্তরে প্রেরণ	১০-০২-২১	-	উল্লিখিত সময়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে
৯	[৫.১] শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব দপ্তর/সংস্থায় প্রেরণ	১০-০৯-২০	১০-০৯-২০	সফলতার সাথে সম্পন্ন হয়েছে
১০	[৬.১] সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ	১০-০৯-২০	১০-০৯-২০	সফলতার সাথে সম্পন্ন হয়েছে
১১	[৬.৫] প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণ	৪টি	২টি	লক্ষ্যমাত্রা অর্থোক্তিক, কমপক্ষে ১২ টি হওয়া উচিত, সংশোধন কাম্য
১২	[৭.১] পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	৩০-০৭-২০	৩০-০৭-২০	সফলতার সাথে সম্পন্ন হয়েছে
১৩	[৮.২] শাখা/অধিশাখা/অধীনস্ত অফিস পরিদর্শন	১৫টি	৭টি	কার্যক্রম চলমান থাকবে, প্রমাণক আবশ্যিক
১৪	[৮.৩] শাখা/অধিশাখা/অধীনস্ত অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন	১৫%	৭%	লক্ষ্যমাত্রা অর্থোক্তিক, কমপক্ষে ৬০% হওয়া উচিত, সংশোধন কাম্য
১৫	[৮.৪] সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ	১০০%	১০০%	কার্যক্রম চলমান থাকবে, প্রমাণক আবশ্যিক
১৬	[৮.৫] শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ	১০০%	১০০%	লক্ষ্যমাত্রা ও অর্জন ভুলভাবে লিপিবদ্ধ করা হয়েছে
১৭	[৮.৬] প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজন	০২টি	১	কার্যক্রম চলমান থাকবে, প্রমাণক আবশ্যিক
১৮	[৯.১] দুর্নীতি প্রতিরোধে নিজ দপ্তরসহ অধীনস্ত সকল দপ্তরে দুর্নীতি বিরোধী স্লোগানযুক্ত ব্যানার ফেস্টুন স্থাপন	১৪/০১/২১	-	উল্লিখিত সময়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে

১৯	শুধুমাত্র কর্মচার প্রত্যাশী হিসেবে পুরস্কার প্রদান	২৭/০৫/২১	-	উল্লিখিত সময়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে
২০	[৯.৩] ইন্স্যানুয়েলস সার্ভিস কার্যক্রম বাস্তবায়ন	৩০/০৫/২১	-	উল্লিখিত সময়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে
২১	[৯.৪] সিটি কর্পোরেশন/পৌরসভা/ ইউনিয়ন পরিষদ হতে ইস্যুকৃত বাড়ির হোল্ডিং নম্বর প্লেটের সাথে নিকটস্থ ফায়ার স্টেশনের নম্বর সংযুক্তকরণ	৩০/০৬/২১	-	উল্লিখিত সময়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে
২২	[৯.৫] সংশ্লিষ্টদের সাথে যোগাযোগপূর্বক প্রতিটি ট্রেড লাইসেন্স এবং ফায়ার লাইসেন্সে নিকটস্থ ফায়ার স্টেশন ও বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষের নম্বর সংযুক্তকরণ	২৭/০৬/২১	-	উল্লিখিত সময়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে
২৩	[১১.১] কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইডুজ্জ অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)	৩১/০৮/২০ ২৭/০৬/২১	৩১/০৮/২০	১ম ত্রৈমাসিক প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে অর্জিত হয়েছে ৩১/০৮/২০ তারিখ কিন্তু ২য় ত্রৈমাসিক প্রতিবেদনে অর্জন দেখানো হয়নি
২৪	(১২.১) শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ	১লক্ষ	০০ লক্ষ	লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি
২৫	[১৩.১] আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ স্ব স্ব ওয়েবসাইটে	১৮/০৮/২০	১৮/০৮/২০	সফলতার সাথে সম্পন্ন হয়েছে
২৬	[১৩.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ	০৩টি	০১টি	কার্যক্রম চলমান থাকবে

৩। মন্ত্রিপরিষদ বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রমসমূহ সঠিক সময়ে যথাযথভাবে বাস্তবায়ন আবশ্যিক। এমতাবস্থায় প্রতিটি কার্যক্রমসমূহের মন্তব্য কলামে উল্লিখিত নির্দেশনা বাস্তবায়ন, কিছু ক্ষেত্রে সংশোধন, সকল কার্যক্রমের মোট অর্জন, অর্জিত মান লিপিবদ্ধকরণ এবং ক্রমিক ৩, ৫, ৬, ১৩, ১৫ ও ১৭ নং এ উল্লিখিত সম্পন্নকৃত কার্যক্রমের প্রমাণক প্রেরণ, ১১, ১৪, ১৬ ও ২৩ এর লক্ষ্যমাত্রা সংশোধন এবং অন্যান্য কার্যক্রম অগ্রাধিকারভিত্তিতে সম্পন্ন করতে হবে। যে সকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সেগুলো অর্জনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়া প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনাপূর্বক প্রতীয়মান হয় যে, এ সংক্রান্ত কার্যক্রম গুরুত্বহীনভাবে দেখা হচ্ছে, এ সকল কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলের আরো যত্নশীল হতে হবে এবং নিয়মিত প্রশিক্ষণ প্রয়োজন। অধিদপ্তরে যোগাযোগপূর্বক এ বিষয়ে প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

  
 ১২/১১/২১  
 মোঃ হাবিবুর রহমান  
 পরিচালক (প্রশাসন ও অর্থ)

উপপরিচালক  
 ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
 চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণ:

১. যুগ্মসচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, [মহোদয়ের সদয় অবগতির জন্য]।
২. পরিচালক (অপারেশন ও মেইনটেনেন্স)/ (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা, [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা, (ওয়েবসাইটে আপলোডের জন্য)।